

- ১। সর্বমোট অর্জন। বাংলাদেশ কোস্ট গার্ড মার্চ ২০২০ মাসে সর্বমোট ১৪৭ কোটি ৯৯ লক্ষ ৬৫ হাজার ৮৫৫ টাকা মূল্যের অবৈধ মালামাল আটক করে।
- ২। চেঁরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য। মার্চ ২০২০ মাসে চেঁরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে সর্বমোট ২৮ কোটি ৭৬ লক্ষ ৭৬ হাজার ৭৫০ টাকার অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
<b>চেঁরাচালান পণ্য</b>			
১।	ডিজেল/প্যাম্পোল	১,০৮,২৩৩ লিটার	৫৪,০০,০০০/০০
২।	ওয়েল ট্যাংকার	০১টি	৫,০০,০০,০০০/০০
৩।	বান্ধহেড	১৯ টি	-
৪।	সামুদ্রিক মাছ	৪,৪৮০ কেজি	৩,৯১,০০০/০০
৫।	গরু	১৮টি	১২,৬০,০০০/০০
৬।	মোবাইল/মোবাইল কার্ড	০২ টি	২,০০০/০০
৭।	অন্যান্য (কম্বল, শোকেস, ফ্রিজ, ব্যাটারি, চ্যাপিং বোর্ড, রাইজ কুকার, ম্যাট্রেস, গ্রাস, মটর, এয়ার কম্প্রেসর, চেইন, পিলো, ছাগল, মুরগি, চিংড়ি মাছসহ বিভিন্ন অবৈধ দ্রব্য)	৪৪৬ পিস/কেজি	৫,০০,২৫০/০০
৮।	বোট/ট্রাক	১১ টি	৯,১২,০০,০০০/০০
<b>অস্ত্র উদ্ধার</b>			
১।	অস্ত্র	০৪ টি	-
২।	তাজা গোলা	০২ রাউন্ডস্	-
<b>মৎস্য সম্পদ</b>			
১।	কারেন্ট জাল	২,০৮,০৮,৮০০ মিটার	৭২,৮৩,০৮,০০০/০০
২।	বেহন্দি/মশারি জাল	১,৪২৭ টি	৭,০৬,৫০,০০০/০০
৩।	অন্যান্য জাল	৪৪,৯৩,৫৬৫ মিটার	৩৭,২৩,২০,২০০/০০
৪।	জাটকা	১৯,৩৫০ কেজি	৬৬,৩১,৫০০/০০
৫।	রেনু পোনা	১২,৯৫,০০০ পিস	২৫,৯০,০০০/০০
৬।	বোট	১১৩ টি	১,১৮,৪০,৪০৫/০০
<b>মাদকদ্রব্য</b>			
১।	ইয়াবা	৩,৫৬,০০০ পিস	১০,৭৮,০০,০০০/০০
২।	বিভিন্ন প্রকার মদ	৩০০ বোতল	১৬,২০,০০০/০০
৩।	গাঁজা	১,৩০০ গ্রাম	২৫,০০০/০০
৪।	দেশীয় মদ	১৫ লিটার	১,৪৭,৫০০/০০
৫।	সিএনজি/বোট	০৫ টি	২২,৮০,০০০/০০
<b>বনজ সম্পদ</b>			
১।	বিভিন্ন প্রকার কাঠ	১৩,৫০০ ঘনফুট	২,৭০,০০,০০০/০০
<b>পরিবেশে রক্ষা</b>			
১।	হরিণের মাথা	০১ টি	-
২।	হরিণের মাংস	২৬ কেজি	-
<b>আটককৃত জনবল</b>			
১।	বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	৮৪ জন	-
<b>উদ্ধার অভিযান</b>			
১।	যাত্রী/জেলে উদ্ধার	১৭ জন	
২।	অপহৃত জেরে উদ্ধার	০৩ জন	
৩।	বোট উদ্ধার	০১ টি	
			<b>সর্বমোট</b>
			<b>১৪৭,৯৯,৬৫,৮৫৫/০০</b>

সীমিত

৩। মৎস্য সম্পদ রক্ষা অভিযান। মৎস্য সম্পদ রক্ষা অভিযানে মার্চ ২০২০ মাসে সর্বমোট ১১৯ কোটি ২৩ লক্ষ ৪০ হাজার ১০৫ টাকার ২,০৮,০৮,৮০০ মিটার কারেন্ট জাল, ৪৪,৯৩,৫৬৫ মিটার অন্যান্য জাল, ১,৪২৭ টি বেহন্দি/মশারি জাল, ১৯,৩৫০ কেজি জাটকা, ১২,৯৫,০০০ পিস রেনু পোনা ও ১১৩টি বোট আটক করা হয়।

৪। ডাকাত বিরোধী বিশেষ অভিযান।

ক। গত ০১ মার্চ ২০২০ তারিখে বিসিজি বিসিজি বেইস চট্টগ্রাম ও র্যাব কর্তৃক কক্সবাজার জেলার পেকুয়া থানাধীন বাজাখালী ইউনিয়নের শাহ বাজার এলাকায় ডাকাত বাহিনীর বিরুদ্ধে যৌথ অভিযান পরিচালনা করা হয়। কোস্ট গার্ড ও র্যাবের উপস্থিতি টের পেয়ে পালানোর সময় ০১ জন ডাকাতকে আটক করতে সক্ষম হয়। উক্ত ডাকাতের দেওয়া তথ্যের ভিত্তিতে নিজ বাড়ি হতে ০১টি দেশীয় বন্দুক উদ্ধার করা হয়। পরবর্তীতে আটককৃত ডাকাত ও উদ্ধারকৃত অস্ত্র পেকুয়া থানায় হস্তান্তর করা হয়।

খ। গত ১৭ মার্চ ২০২০ তারিখে বিসিজি বিসিজি বেইস চট্টগ্রাম ও র্যাব কর্তৃক কক্সবাজার জেলার পেকুয়া হাতিয়া থানার অহরগত আফাজিয়া বাজার এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানে আফাজিয়া বাজারের শাহীন শোর হতে পরিত্যক্ত অবস্থায় ০১টি দেশীয় বন্দুক উদ্ধার করা হয়। পরবর্তীতে উদ্ধারকৃত অস্ত্র হাতিয়া থানায় হস্তান্তর করা হয়।

৫। অপহৃত জেলে উদ্ধার। গত ০২ মার্চ ২০২০ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে জানা যায়, সুন্দরবনের কুখ্যাত জলদস্যু বুলবুল বাহিনী অস্ত্রধারী সদস্যগণ সাতক্ষীরা জেলার শ্যামনগর থানাধীন কাচিকাটা ফরেস্ট অফিস এর নিকটে রায়মঞ্জল নদীর তীরে মহত্তখালী খাল থেকে অপহরণ করে মুক্তিপন আদায়ের জন্য সুন্দরবনের মধ্যে অবস্থান করছে। উক্ত সংবাদের ভিত্তিতে বিসিজি স্টেশন কৈশালী কর্তৃক অভিযান পরিচালনা করে। কোস্ট গার্ড এর উপস্থিতিটের পেয়ে ডাকাত দল পালানোর চেষ্টাকালে ০২ জন ডাকাত আটক করা হয়। উক্ত এলাকা তল্লাশী করে ০১টি দেশীয় বন্দুক, ০২ রাউন্ডস তাজা গোলা ও ০৩ জন অপহৃত জেলে উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত জেলেদের ও আটককৃত ডাকাতকে মালামালসহ হাতিয়া থানায় হস্তান্তর করা হয়।